

# একইদিনে রাজ্যসেরা উত্তরবঙ্গের দুই কলেজ

## ফুটবলে চ্যাম্পিয়ন ফালাকাটা কলেজ



খো খো-তে চ্যাম্পিয়ন হওয়ার পর শিলিগুড়ি কলেজের মেয়েরা।



চ্যাম্পিয়ন ট্রফির সঙ্গে ফালাকাটা কলেজের ফুটবলাররা।

## প্রথমবার ফাইনালে উঠেই সেরা শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৪ মার্চ : কলকাতার সাই কমপ্লেক্সে অনুষ্ঠিত আন্তঃকলেজ রাজ্য খো খো চ্যাম্পিয়নশিপে মহিলা বিভাগে প্রথমবার ফাইনালে উঠেই চ্যাম্পিয়ন হল শিলিগুড়ি কলেজ। সোমবার খেতাবি লড়াইয়ে তারা ১৬-৮ পয়েন্টে নদিয়ার বগুলা শ্রীরামকৃষ্ণ কলেজকে হারিয়েছে। প্রতিযোগিতার সেরা শিলিগুড়ি কলেজের মানন খাতুন। সেমিফাইনালে তারা ১ ইনিংস ও ১২ পয়েন্টে পূর্ব মেদিনীপুরের বিরুদ্ধে জয় পায়। প্রথম ম্যাচে শিলিগুড়ি ১ ইনিংস ও ১৪ পয়েন্টে পুরুলিয়াকে হারিয়েছে। কোয়ার্টার ফাইনালে তাদের জয় আসে কোচবিহারের বিরুদ্ধে ১ ইনিংস ও ৫ পয়েন্টে।

প্রথমবার রাজ্যসেরা হওয়ায় উচ্ছ্বসিত দলের কোচ ভাস্কর দত্তমজুমদার বলেছেন, ‘গতবার নদিয়ার কাছে সেমিফাইনালে হেরেছিলাম। তারপর থেকে এই টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হওয়াকেই পাখির চোখ করেছিলাম আমরা। আজকে সাফল্যের সমস্ত কৃতিত্ব দলের খেলোয়াড়দের। এই দলে সাতজন জাতীয় দলের খেলোয়াড় রয়েছে। ফলে ওদের নিয়ে শুরু থেকেই আশাবাদী ছিলাম। কোচ হিসেবে আমি খুশি। পাশাপাশি শিলিগুড়ি কলেজের অধ্যক্ষ সুজিতকুমার ঘোষ সবসময় আমাদের সহযোগিতা করেছেন। ওঁর সমর্থন না পেলে এই সাফল্য পাওয়া সম্ভব হত না।’

সুজিতবাবুর গলায়ও ভাস্কর দত্তমজুমদারের প্রশংসা শোনা গিয়েছে। তাঁর কথায়, ‘এই দলটাকে প্রথম থেকে ভাস্করবাবু কোচিং করাচ্ছেন। আজকের সাফল্যের পিছনে ওঁর অবদান সবচেয়ে বেশি। দলের সাফল্য নিয়ে উনি এতটাই নিশ্চিত ছিলেন যে সেমিফাইনালে ওঁটার পরই চ্যাম্পিয়ন হওয়ার বিষয়ে আমাকে নিশ্চয়তা দিয়েছিলেন। ওঁর ভবিষ্যদবাণী মিলে যাওয়ায় আমরা খুশি। দল মঙ্গলবার শিলিগুড়িতে ফিরলে প্রাথমিকভাবে অভিনন্দন জানানো হবে। পাশাপাশি ওঁদের সংবর্ধনা দেওয়ারও পরিকল্পনা রয়েছে। ইদানীংকালে শিলিগুড়ি কলেজ বিভিন্ন খেলায় সাফল্য পেয়েছে। এবারও সেই ধারাবাহিকতা বজায় থাকল।’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৪ মার্চ : কলকাতায় অনুষ্ঠিত আন্তঃকলেজ রাজ্য ফুটবলে পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন হল ফালাকাটা কলেজ। সোমবার ফাইনালে তারা টাইব্রেকারে ৪-৩ গোলে দক্ষিণ কলকাতার চারুচন্দ্র কলেজকে হারিয়েছে। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। ফালাকাটার সৌরভ শেখ গোল করেন। সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৩-১ গোলে বর্ধমানের বিরুদ্ধে জয় পায়। নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। প্রথম ম্যাচে ফালাকাটা ৫-১ গোলে হাওড়াকে হারিয়েছে। ফালাকাটার সনাতন কর্মকার হ্যাটট্রিক করেন। তাদের বাকি গোলদুটি শ্রীকুমার কার্জির। দ্বিতীয় ম্যাচে ফালাকাটা ৩-০ গোলে উত্তর কলকাতাকে হারিয়েছে। সৌরভ জোড়া গোল করেন। তাদের অন্যটি শ্রীকুমারের। প্রতিযোগিতার সেরা ফালাকাটার গোলরক্ষক বিপুল রায়। প্রথমবার রাজ্যসেরা হওয়ার উচ্ছ্বাস নিয়ে দলের কোচ অরিন্দম ঘোষ বলেছেন, ‘২০০৭ সালে আমরা এই টুর্নামেন্টে রানার্স হয়েছিলাম। সেখান থেকে একধাপ উন্নতি ঘটিয়ে এবার ফালাকাটা কলেজ চ্যাম্পিয়ন হল। আনন্দটা ভাষায় প্রকাশ করতে পারব না। কোচ হিসেবে আমি খুব খুশি। টুর্নামেন্টের আগে কলেজেই ফুটবলারদের নিয়ে দু-দিনের আবাসিক শিবির করা হয়েছিল। পুরোপুরি প্রস্তুতি নিয়েই আমরা টুর্নামেন্টে গিয়েছিলাম। চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্য থাকলেও ফুটবলারদের উপর চাপ যাতে না বাড়ে তারজন্য ম্যাচ বাই ম্যাচ এগিয়েছি আমরা। ছেলেরা পরিকল্পনার সঠিক বাস্তবায়ন ঘটানোর সাফল্য এসেছে।’